



## বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২

পোঃ ক্যাডেট কলেজ, বরিশাল।



মুজিব MUJIB  
শতবর্ষ 100

৩৪ তম বার্ষিক সদস্য সভা ২০২৪ খ্রিঃ

### সদস্য বিজ্ঞপ্তি

এতদ্বারা বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সম্মানিত গ্রাহক সদস্যদের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আগামী ১৫/০২/২০২৪ খ্রিঃ তারিখ মোতাবেক রোজ বৃহস্পতিবার সকাল ৯-০০ ঘটিকায় সমিতি-এর প্রধান কার্যালয় প্রাঙ্গনে সমিতির বার্ষিক সদস্য সভা অনুষ্ঠিত হবে।

### সভার অনুষ্ঠান সূচী

সময়	বিষয়
০৯-১১.০০	: গ্রাহক সদস্যগণের রেজিস্ট্রেশন, পারস্পরিক যোগাযোগ ও প্রদর্শনী পরিদর্শন।
১১-০১	: সভাপতি / পরিচালক মন্ডলী ও মহিলা পরিচালকবৃন্দের সভা মধ্যে আসন গ্রহন ও সভাপতি কর্তৃক উদ্বোধন।
১১-০৫	: পবিত্র কোরআন তেলাওয়াত/পবিত্র গীতা পাঠ/পবিত্র বাইবেল পাঠ।
১১-১৫	: বার্ষিক সদস্য সভার সদস্য বিজ্ঞপ্তি পাঠ।
১১-২৫	: কোরাম নির্ধারণ কল্পে সদস্যগণের উপস্থিতি জনিত হিসাব প্রদান।
১১-৩০	: বিগত বার্ষিক সদস্য সভার কার্যবিবরণী নিশ্চিত করণ।
১১-৩৫	: বার্ষিক প্রতিবেদন পাঠ :
	: (ক) বাপবিবোর্ড-এর চেয়ারম্যান-এর বাণী।
	: (খ) সভাপতির প্রতিবেদন।
	: (গ) কোষাধ্যক্ষের প্রতিবেদন।
	: (ঘ) জেনারেল ম্যানেজারের প্রতিবেদন।
১২-৩০	: প্রশান্তির পর্ব।
১৩-০০	: লটারী ড্র।
১৩-১০	: পুরস্কার স্মিতরণ।
১৩-৩০	: নির্বাচন কমিশন কর্তৃক নির্বাচনী ফলাফল ঘোষণা।
১৩-৪০	: সভার মূলতবী করণ।

### বার্ষিক সদস্য সভায় অংশগ্রহনকারী গ্রাহক সদস্যগণের জ্ঞাতব্য বিষয় :

১৯/০৮/২০২৩ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সমিতির ৪৬৫ তম মাসিক বোর্ড সভার সিদ্ধান্ত (নং- ০৩/৪৬৫/২০২৩) অনুযায়ী অত্র সমিতির গ্রাহক সদস্যগণ আগামী ১৫/০২/২০২৪ খ্রিঃ তারিখের বার্ষিক সদস্য সভায় অংশগ্রহণ করিতে পারিবেন।

### বার্ষিক সদস্য সভার বিজ্ঞপ্তি প্রেরণ :

এই বিজ্ঞপ্তি ডাকযোগে / বাহক মারফত বা অন্য কোন পন্থায় সকল সদস্যকে সমিতিতে তাঁদের রেকর্ডকৃত ঠিকানায় প্রেরিত হলেই বিজ্ঞপ্তি যথা সময়ে গ্রাহক সদস্য কর্তৃক প্রাপ্ত হইয়াছে বলিয়া বিবেচিত হবে।

### গ্রাহক সদস্যগণের রেজিস্ট্রেশন :

বার্ষিক সদস্য সভার গ্রাহক সদস্যগণের রেজিস্ট্রেশন সম্পন্ন করার জন্য গ্রাহক সদস্যগণকে সদস্য সার্টিফিকেট / জাতীয় পরিচয় পত্রসহ সর্বশেষ পরিশোধিত বিদ্যুৎ বিলের কপি সঙ্গে আনিবার জন্য অনুরোধ করা হলো।

### প্রশ্নপত্র প্রদান :

সম্মানিত গ্রাহক সদস্যদের সমিতির কার্যক্রম সংশ্লিষ্ট কোন প্রশ্ন/সুপারিশ থাকিলে তাহা ২৯/০১/২০২৪ খ্রিঃ তারিখ রোজ সোমবার অফিস চলাকালীন সময়ে বিকাল ৪-০০ ঘটিকার মধ্যে সমিতির সদর দপ্তরে পৌছানোর জন্য অনুরোধ করা হলো। বার্ষিক সদস্য সভার দিন কোন প্রশ্ন গ্রহণ করা হবে না। সমিতির কার্যক্রম সম্পর্কে অবহিত হওয়া সদস্যদের সমষ্টিগত স্বার্থে সমিতির কার্যধারা সুষ্ঠু ভাবে পরিচালনার প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করা সমিতির সম্মানিত সকল সদস্যদের সর্বাধিক গুরুত্বপূর্ণ ও পবিত্র দায়িত্ব। বার্ষিক সদস্য সভা ও তৎপূর্বে সংশ্লিষ্ট এলাকা পরিচালক নির্বাচন সমিতির সুষ্ঠু পরিচালনায় সম্মানিত সদস্যদের নিজ নিজ অধিকার প্রয়োগ ও দায়িত্ব পালনের সুযোগ আনিয়া দেয়।

এমতাবস্থায়, অত্র পল্লী বিদ্যুৎ সমিতির সদস্যদের বার্ষিক সদস্য সভায় যোগদান ও প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাচনে অংশ গ্রহন করতঃ তাদের গণতান্ত্রিক অধিকার প্রয়োগ করিবার জন্য সাদর আমন্ত্রণ জানানো যাচ্ছে।

মোঃ শাহাদাত হোসেন

সচিব

বরিশাল পল্লী বিদ্যুৎ সমিতি-২

পোঃ ক্যাডেট কলেজ, বরিশাল।